



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন:

সাইক্লিং প্রতিযোগিতায় জাবি শিক্ষার্থী শাজ- ই- জাহানের দ্বিতীয় স্থান লাভ ॥

উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৯ সেপ্টেম্বর ২০২২।

বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী দিনে আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী শাজ- ই- জাহান সাইক্লিং প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করেছেন।

শাজ- ই- জাহান ১৫ কি.মি দূরত্ব অতিক্রম করতে সময় নেয় ১৭ মিনিট ২১ঃ১২ সেঃ। তিনি ন্যানো সেঃ ব্যবধানে স্বর্ণ পদক লাভ করতে পারেনি। সকালে ঢাকার হাতিরঝিলে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ হাসান রাসেল।

উপাচার্যের অভিনন্দন

বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী দিনে সাইক্লিং প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করায় শাজ- ই- জাহানকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মো. নূরুল আলম। আজ এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, সাইক্লিং প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করে শাজ-ই-জাহান বিশ্ববিদ্যালয়ের সম্মান ও গৌরব বৃদ্ধি করেছেন। তিনি শাজ-ই-জাহানের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

আনিছুর রহমান
ফটোগ্রাফার
জনসংযোগ অফিস